গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পরিকল্পনা শাখা-৩

নথি নং -২৭.০০.০০০০.০৮৩.০১৪.০৯.০০.১৭.২০১৫-৪৩০ তারিখঃ ১৭-১১-২০১৫

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের অক্টোবর, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ০৮-১১-২০১৫ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের অক্টোবর, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ২৬-১১-২০১৫ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযোজনীঃ বর্ণনামতে।

১৭/১১/২০১৫
(মোহাম্মদ আসাদুজ্জামান সরকার)
সিনিয়র সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৩। সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা (দৃঃ আঃ পরিচালক-৫)।
০৪। সচিব, আইএমইডি (শিল্প ও শক্তি) শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। বিভাগ প্রধান (কার্যক্রম) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৭। বিভাগ প্রধান (শক্তি) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
০৯। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
১০। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১১। উপ-সচিব (প্রশাসন),বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১৩। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২১। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
২২। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামর, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ]।
২৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৪। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পরিকল্পনা শাখা-৩

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের অক্টোবর ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

বিদ্যুৎ বিভাগের সচিব এর সভাপতিত্বে ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের অক্টোবর, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ০৮-১১-২০১৫ তারিখে বিদ্যুৎ ভবনস্থ বিজয় হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট -'ক' তে দ্রষ্টব্য।

২.০। আলোচনা

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, ২০১৫-১৬ অর্থ বছরের এডিপি-তে বিদ্যুৎ বিভাগের বিভিন্ন সংস্থার আওতাভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে মোট ১৬,৪৮৫.১৭ কোটি টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে জিওবি ৭৩০০.০০ কোটি এবং প্রকল্প-সাহায্য ৯১৮৫.১৭ কোটি টাকা। প্রকল্পসমূহের বিপরীতে অক্টোবর, ২০১৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ২৩৩৯.৬৯ কোটি টাকা যা মোট বরাদ্দের ১৪.৫১%। প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ১৩৩২.৪৪ কোটি টাকা (১৪.৮৫%) এবং জিওবি অর্থ ব্যয় হয়েছে ১০০৭.২৫ কোটি টাকা (১৪.০৯%)। ভৌত অগ্রগতি হয়েছে ২৫%। গত বছরের একই সময়ে এডিপি বাস্তবায়নের আর্থিক ও ভৌত অগ্রগতি ছিল যথাক্রমে ১১.১২% ও ২৬.৫১%।

২.২। সভায় জানানো হয় যে, এডিপিভুক্ত মোট ৭০টি প্রকল্পের মধ্যে ৪টি প্রকল্পের অনুকূলে এখনো কোন বরাদ্দ দেয়া হয়নি। ৩০টি প্রকল্পের আর্থিক অগ্রগতি শূন্য, ১৯টি প্রকল্পের অগ্রগতি ১৫% এর নিচে এবং ২১টি প্রকল্পের অগ্রগতি ১৫% এর বেশি। সভায় আরো জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগের আওতায় অনুমোদনের প্রক্রিয়াকরণের জন্য আরো ৬৮টি প্রকল্প আছে, যার মধ্যে একনেক-এ উপস্থাপনের জন্য পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন ৫টি প্রকল্প, পিইসি সভা হয়েছে ৫টি প্রকল্পের, আরো ৬টি প্রকল্পের ডিপিপি অনুমোদনের প্রক্রিয়াকরণের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। এছাড়া এ বিভাগের প্রকল্প যাচাই কমিটির সভা হয়েছে ১৬টি প্রকল্পের যেগুলোর ডিপিপি পুনর্গঠনের জন্য সংস্থায় প্রক্রিয়াধীন আছে এবং ৩৬টি প্রকল্পের পিডিপিপি নীতিগত অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশন ও ইআরডিতে প্রেরণ করা হয়েছে।

২.৪। সভাপতি বলেন যে, বিদ্যুৎ বিভাগের অগ্রগতি গত অর্থ বছরের একই সময়ের তুলনায় ৪% বেশী হলেও তা সন্তোষজনক নয়। বিশেষ করে ৩০টি প্রকল্পের আর্থিক অগ্রগতি ০% থাকা দুঃখজনক। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি তরান্বিত করার জন্য সংশ্লিষ্ট সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালকগণকে আন্তরিকভাবে কাজ করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

২.৫। সভায় জানানো হয় যে, বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহের ২০১৫-১৬ অর্থ বছরের আরএডিপি প্রস্তাব ১৫-১১-২০১৫ তারিখের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণের জন্য সার্কুলার জারি করা হয়েছে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থাসমূহ থেকে আরএডিপি প্রস্তাব আগামী ১১-১১-২০১৫ তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য সংস্থাসমূহে পত্র দেয়া হয়েছে। উক্ত প্রেক্ষিতে সভাপতি আরএডিপি প্রস্তাবনা সঠিকভাবে নির্ধারণ করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

চলমান পাতা # ২

৩.০। সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহের ২০১৫-১৬ অর্থ বছরের আরএডিপি প্রস্তাব সঠিকভাবে নির্ধারণপূর্বক অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণের উদ্দেশ্যে সংস্থাসমূহ থেকে ১১-১১-২০১৫ তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।	প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাসমূহ
৩.২	স্বল্প অগ্রগতিসম্পন্ন প্রকল্পগুলো যাতে নির্দিষ্ট সময়ে সমাপ্ত করা যায় সে বিষয়ে সংস্থা প্রধানগণ পরিবীক্ষণ কার্যক্রম জোরদার করবে।	সকল সংস্থা প্রধান
৩.৩	প্রকল্পের প্রজেক্ট ইমিপ্লিমেন্টশন কমিটি (PIC) এবং প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (PSC) এর সভা নিয়মিতভাবে আয়োজন করতে হবে।	সকল সংস্থা ও প্রকল্প পরিচালক
৩.৪	বাপবিবো'র আওতাধীন সকল সমিতির মাস্টার প্ল্যান সমন্বয় করে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের জন্য একটি সমন্বিত মাস্টার প্ল্যান প্রস্তুত করতে হবে।	বাপবিবো
৩.৫	শহর এলাকায় এআইএস এর পরিবর্তে জিআইএস সিস্টেমে বিদ্যুৎ উপকেন্দ্রসমূহ নির্মাণের উদ্যোগ নিতে হবে।	বিউবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও পিজিসিবি
৩.৬	পরিকল্পনা কমিশন ও আইএমইডি-তে একমাসের বেশী সময় অনিষ্পন্ন অবস্থায় আছে এমন প্রকল্পসমূহের অনুমোদন প্রক্রিয়া তরান্বিত করার জন্য ডিও পত্র প্রেরণ করতে হবে।	পরিকল্পনা অনুবিভাগ বিদ্যুৎ বিভাগ

৪.০। অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করা হয়।

২৫/১১/১৫
(মনোয়ার ইসলাম)
সচিব